দৈনিক

# জনকণ্ঠ

তারিখ: 23 JAN 2018
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

## সারাদেশে ১০ হাজার বিশেষ মাদ্রাসা চালু করল ইফা

স্টাফ রিপোর্টার ॥ সারাদেশে ১০ হাজার ১০টি 'দারুল আরকাম ইবদেতায়ি মাদরাসা' চালু করেছে ইসলামিক ফাউন্ডেশন (ইফা)। প্রতি উপজেলায় দুটি করে ব্যতিক্রমধর্মী এ মাদরাসা শিক্ষাব্যবস্থায় নিজস্ব সিলেবাসে পাঠদান করবে ইসলামিক ফাউন্ডেশন। আগামী ফেব্রুয়ারি মাস থেকে আনুষ্ঠানিকভাবে ক্লাস শুরু হচ্ছে। এজন্য ইতোমধ্যে ৩ হাজার ৩০ জন শিক্ষকও নিয়োগ দেয়া হয়েছে। ইসলামিক

(২ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## সারাদেশে ১০ হাজার

(প্রথম পৃষ্ঠার পর)

ফাউন্ডেশনের মহাপরিচালক সামিম মোহাম্মদ আফজাল এসব তথ্য নিশ্চিত করেন। সোমবার দুপুরে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ধর্ম মন্ত্রণালয় ও ধর্মভিত্তিক রাজনৈতিক দলগুলোকে নিয়ে প্রতিবেদন করা রিপোর্টারদের সংগঠন রিলিজিয়াস রিপোর্টার্স ফোরামের (আরআরএফ) নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন তিনি। তিনি জানান, দারুল আরকাম ইবদেতায়ি মদ্রাসায় বাংলা, ইংরেজি অংকসহ পাঠ্যসূচীতে কুরআন, হাদীসে গুরুত্ব দেয়া হয়েছে। কুরআন ও হাদীস শিক্ষার মাধ্যম হবে আরবী। প্রথম দিকে এটি ইবতেদায়ি (পঞ্চম শ্রেণী) পর্যন্ত চালু হলেও এক পর্যায়ে ইন্টারমিডিয়েট (এইচএসসি) পর্যন্ত পাঠদান করা হবে। এরপর হয়তো সেখান থেকে এসব শিক্ষার্থীদের জন্য জেলা বা বিভাগীয় পর্যায়ে অনার্স-মাস্টার্স কোর্স চালু করা যাবে। এক প্রশ্নের জবাবে ইফা ডিজি আরও জানান, প্রতি মদ্রাসায় শিক্ষক থাকবেন ৫ জন। তাদের মধ্যে দুইজন থাকবেন আলিয়ায় শিক্ষিত, দুইজন কওমী ও একজন সাধারণ শিক্ষিত। দ্বীনি শিক্ষার প্রচার ও প্রসারে মদ্রাসাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।